



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ [nhrc.bd@gmail.com](mailto:nhrc.bd@gmail.com)

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/২৩৯/১৩-৪০০৬

তারিখঃ ২৫ জানুয়ারী ২০২১

### প্রেস বিজ্ঞপ্তি-


জাতীয় মানবাধিকার কমিশনের দলিত, হিজড়া ও অন্যান্য অনগ্রসর জনগোষ্ঠীর অধিকার সুরক্ষা সংক্রান্ত থিমेटিক কমিটির সভা অনুষ্ঠিত।

জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান, নাছিমা বেগম, এনডিসির সভাপতিত্বে আজ ২৪ জানুয়ারী ২০২১ তারিখ অনলাইনে দলিত, হিজড়া ও অন্যান্য অনগ্রসর জনগোষ্ঠীর অধিকার সুরক্ষা সংক্রান্ত কমিশনের থিমेटিক কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

কমিশনের মাননীয় চেয়ারম্যান হিজড়া জনগোষ্ঠীর অধিকার সংক্রান্ত বিষয়ে বলেন যে হিজড়া/রুপান্তরিত জনগোষ্ঠীর একজন ব্যক্তিকে তাঁর লৈঙ্গিক পরিচয় নিশ্চিত করতে অপমানজনক ও অসম্মানজনক পরীক্ষা দিতে হয়, যা মানবাধিকারের লঙ্ঘন। হিজড়া/রুপান্তরিত জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে ব্যাপক কর্মসূচি চলমান রাখায় তিনি বর্তমান সরকারকে ধন্যবাদ দেন এবং প্রতিবেশী দেশের ন্যায় হিজড়া/রুপান্তরিত জনগোষ্ঠীর অধিকার সুরক্ষায় এতদসংক্রান্ত একটি আইনের খসড়া তৈরি করে তা সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন। তাছাড়া হরিজনসহ অন্যান্য দলিত, যৌনকর্মী, মাদকাসক্ত ব্যক্তি, এইডস রোগীসহ সকল পিছিয়ে পড়া জনগোষ্ঠীর মানবাধিকার সুরক্ষায় সংশ্লিষ্ট সকল অংশীজনকে আরো শক্তিশালী ও কার্যকরী ভূমিকা পালন করার জন্য আহ্বান জানান।

কমিশনের সার্বক্ষণিক সদস্য ড. কামাল উদ্দীন আহমেদ হিজড়াসহ পিছিয়ে পড়া জনগোষ্ঠীর প্রতি সমাজের দৃষ্টিভঙ্গি পরিবর্তনের জন্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সকলকে একসাথে কাজ করার জন্য আহ্বান জানান।

সভায় কমিশনের অবৈতনিক সদস্য এডভোকেট তৌফিকা করিম, জেসমিন আরা বেগম, কমিটির সম্মানিত সদস্য জনাব হাবিবুর রহমান, বিপিএম(বার),পিপিএম (বার), ডিআইজি, ঢাকা রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, জনাব মোঃ সাক্বির ইমাম পরিচালক (সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, জনাব সালেহ আহমেদ, নির্বাহী পরিচালক, বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি, মিস জান্নাত-ই-ফেরদৌস, সাধারণ সম্পাদক, রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট কালেক্টিভ (আরডিসি), মিস রিনা রায়, প্রোগ্রাম ডিরেক্টর, মানুষের জন্য ফাউন্ডেশন, অনন্যা বনিক, হিজড়া প্রতিনিধি অংশগ্রহণ করেন ও তাঁদের অভিজ্ঞতা ও সুচিন্তিত মতামত তুলে ধরেন।

  
(এম.রবিউল ইসলাম)

উপপরিচালক ও সদস্য সচিব

জাতিগত ও ধর্মীয় সংখ্যালঘু এবং অনগ্রসর জনগোষ্ঠীর অধিকার সুরক্ষা সংক্রান্ত থিমेटিক কমিটি